

অবরোধ ও কর্মবিরতিতে চবি অচল

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সংবাদদাতা : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রসংগঠনসমূহের লাগাতার অবরোধে অচল হয়ে পড়েছে। অপরদিকে কর্মচারীরাও কর্মবিরতি পালন করছে। বিদ্যমান পরিস্থিতিতে কর্তৃপক্ষ আজকের নির্ধারিত সিনেট সভা স্থগিত করেছে। গতকাল (রবিবার) ইসলামী ছাত্রশিবির বিশ্ববিদ্যালয়ের মেইন গেইট, প্রশাসনিক ভবন ও একাডেমিক ভবনসমূহে তাল্লা খুলিয়ে দেয়। ফলে সবকিছু বন্ধ ছিল। বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস ও পরীক্ষা হয়নি। শিবিরের অবরোধ গতকাল শেষ হওয়ার কথা থাকলেও দাবীপূরণ না হওয়ার তারা অবরোধের সময়সীমা আরও ৩৬ ঘণ্টা বর্ধিত করেছে বলে সংগঠন সূত্রে জানা গেছে। উল্লেখ্য, গত মঙ্গলবার শিবিরের ৩ কর্মীকে প্রহারকারী ছাত্রাঙ্গীণ সন্ত্রাসীদের গ্রেফতারের দাবীতে শিবির অবরোধ কর্মসূচী পালন করছে। এদিকে গত বৃহস্পতিবার ছাত্রফেটের ১০ জন নেতাকর্মী প্রকৃত হবার প্রতিবাদে প্রগতিশীল ছাত্রজোটও গত তরুবার থেকে লাগাতার অবরোধ পালন করছে। গতকাল তারা নগরীর শহীদ মিনার চত্বরে অবরোধের সমর্থনে মিছিল-সমাবেশ করে। বিকালে চট্টগ্রাম প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ

সম্মেলনে ছাত্রজোট নেতৃবৃন্দ বলেন, ছাত্রফেট নেতাদের উপর হামলাকারী শিবির সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতার ও বহিষ্কার করা না হলে আরো কঠোর কর্মসূচী দেয়া হবে। এদিকে আগামীকাল থেকে বিশ্ববিদ্যালয়ে বর্ধাকালীন ছুটি শুরু হচ্ছে।

কর্মচারী কর্মকর্তাদের কর্মবিরতি
১২ দফা দাবী বাস্তবায়ন ও বর্তমান ভারপ্রাপ্ত রেজিস্ট্রারকে এক্সটেনশন না দেয়ার দাবীতে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা গতকাল কর্মবিরতি পালন করেছে। কর্মসূচী পালনকালে তারা প্রশাসনিক ভবনের সামনে বিকোড সমাবেশ করে। কর্মকর্তা-কর্মচারীরা আজও কর্মবিরতি পালনে ঘোষণা দিয়েছে। তাছাড়া নিয়ম বহির্ভূতভাবে কাউকে রেজিস্ট্রার পদে নিয়োগ দেয়া হলে তারা আরো কঠোর কর্মসূচী ঘোষণা করার হুমকি দিয়েছে।

সিনেট স্থগিত
বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান পরিস্থিতিতে আজ (সোমবার) অনুষ্ঠিতব্য সিনেট স্থগিত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর এ জে এম নূরুদ্দীন চৌধুরী ইনকিলাবকে বলেন, প্রতিকূল পরিস্থিতির কারণে সিনেট স্থগিত করা হয়েছে।